দৈনিক আমাদের সময়

তারিখ ..12 0 NOV 2017...
পৃষ্ঠা ..১২.. কলাম ..৪..

# বুয়েট শিক্ষার্থীদের ক্লাস বর্জন চলছেই

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক** ●

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সার্জেন্ট জহুরুল হক হলের শিক্ষার্থীদের সঙ্গে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) শিক্ষার্থীদের সংঘর্ষের ঘটনায় আট দফা দাবিতে ক্লাস বর্জন অব্যাহত রেখেছেন বুয়েট শিক্ষার্থীরা।

ক্লাস বর্জনের ২১তম দিনে গতকালও বুয়েট কেন্দ্রীয় শহীদ মিনারে দাবি বাস্তবায়ন এবং ঘটনায় জড়িতদের শাস্তির দাবিতে বিক্ষোভ সমাবেশ করেন শিক্ষার্থীরা। দাবি আদায়

এরপর পৃষ্ঠা ৭, কলাম ৪

## বুয়েট শিক্ষার্থীদের ক্লাস বর্জন চলছেই

(শেষ পৃষ্ঠার পর) না হওয়া পর্যন্ত ক্লাস বর্জন কর্মসূচি চালিয়ে যাওয়ার ঘোষণা দেন তারা। এদিকে ঘটনার প্রায় চার সপ্তাহ অতিবাহিত হলেও উভয় বিশ্ববিদ্যালয় থেকে করা আলাদা দুটি তদন্ত কমিটি প্রতিবেদন জমা দিতে পারেনি। এ ছাড়া শিক্ষার্থীদের ক্লাসে ফেরাতে দৃশ্যমান কোনো পদক্ষেপ গ্রহণ করেনি বুয়েট প্রশাসন।

এ বিষয়ে ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং বিভাগের দীপ্ত সাহা বলেন, ঘটনায় জড়িত থাকার অভিযোগে এক স্টাফের ছেলেকে গ্রেফতার করা হলেও পরে জামিনে মুক্তি পেয়ে যায়। বিশ্ববিদ্যালয় প্রশাসন থেকে গঠিত তদন্ত কমিটির অগ্রগতি সম্পর্কে আমাদের অবহিত করা হচ্ছে না। পুরো বিষয়টি নিয়ে প্রশাসন যেন আমাদের সঙ্গে একপ্রকার ধোঁয়াশার সৃষ্টি করছে। তারা আমাদের পরিষ্কার করে কিছু বলছেও না। বুয়েটের সব শিক্ষার্থী আমাদের সঙ্গে আছে। আমাদের দাবি পূরণ না হওয়া পর্যন্ত আমরা ক্লাসে ফিরব না। বুয়েটের উপাচার্য অধ্যাপক সাইফুল ইসলামের ব্যক্তিগত সহকারী জানান, ভিসি স্যার এখন শিক্ষকদের নিয়ে মিটিংয়ে ব্যস্ত আছেন। আপনারা ছাত্রকল্যাণ পরিদপ্তরের পরিচালকের সঙ্গে কথা বলে দেখতে পারেন।

বুয়েট ছাত্রকল্যাণ পরিদপ্তরের পরিচালক সত্য প্রসাদ মজুমদার জানান, আমি এ ব্যাপারে জানি না। আমি কিছু বলতে পারব না। আপনারা উপাচার্যের কাছে যেতে পারেন। জানা গেছে, সংঘর্ষের ঘটনায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের জহুরুল হক হলের আবাসিক শিক্ষক আবদুর রহিমকে প্রধান করে গঠিত তিন সদস্যের তদন্ত কমিটিকে সাত দিনের মধ্যে প্রতিবেদন দিতে বলা হয়েছিল। কমিটির সদস্যরা গত ২৮, ২৯ ও ৩১ অক্টোবর এবং ৬ ও ৭ নভেম্বর বৈঠক করে প্রত্যক্ষদর্শী, হলের কর্মচারী এবং সাধারণ ছাত্রদের সাক্ষ্য গ্রহণ করে।